# AKASHVANI (AIR)
# RNU : KOLKATA
# Bengali Text Bulletin

**Date 28-08-2025** **Time: 7.35 A.M.**

---

বিশেষ বিশেষ খবরঃ-

১) যে সমস্ত বিধানসভা কেন্দ্রে এখনও ই আর ও বা এ ই আর ও নেই, সেগুলিতে তাদের দ্রুত নিয়োগের জন্যে নির্বাচন কমিশন, রাজ্য সরকারকে চিঠি দিয়েছে।

২) আই প্যাকের সদস্যদের রাজ্যের খাদ্য ও সরবরাহ দপ্তরের চুক্তি ভিত্তিক কর্মী হিসাবে নিয়োগের চক্রান্ত চলছে বলে বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারি অভিযোগ করেছেন।

৩) পূর্ব নির্ধারিত সূচী মেনেই আজ কলকাতা বিশ্ববিদ্যালয়ের পরীক্ষা অনুষ্ঠিত হবে।

৪) নবান্ন অভিযানের দিন অভয়ার মায়ের আঘাত পাওয়ার ঘটনায় মনিপাল হাসপাতালের কাছে চিকিৎসা সংক্রান্ত রিপোর্ট তলব করেছে কলকাতা হাইকোর্ট।

৫) নিউটাউনে স্কুল ছাত্রীকে ধর্ষণ ও খুনের ঘটনায় দোষীর আমৃত্যু কারাবাসের নির্দেশ আদালতের।

৬) প্রসূতি মৃত্যুর হার কমাতে রাজ্যের স্বাস্থ্য দপ্তর কঠোর নির্দেশিকা জারি করেছে।

-----------------------------------------------------------------------------------------------

যে সমস্ত বিধানসভা কেন্দ্রে এখনও ই আর ও বা এ ই আর ও নেই, সেখানে দ্রুত তাদের নিয়োগ করার ব্যাপারে নির্বাচন কমিশন, রাজ্য সরকারকে চিঠি দিয়েছে। মুখ্য নির্বাচনী আধিকারিক মনোজ আগরওয়ালের, মুখ্যসচিব মনোজ পন্থ-কে লেখা ওই চিঠির প্রেক্ষিতে গতকাল নবান্নে সব জেলাশাসকদের সঙ্গে ভার্চুয়াল বৈঠক করেন মুখ্যসচিব।

আগামীকালের মধ্যে এই সংক্রান্ত রিপোর্ট পাঠাতে বলা হয়েছে বলে নবান্ন সূত্রের খবর।

এদিকে, নির্বাচন কমিশনের নির্দেশে নথিভুক্ত অথচ স্বীকৃতিহীন রাজনৈতিক দলগুলিকে শুনানির জন্য তলব করেছে রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিকের দপ্তর। আগামীকাল ১২ টি এ'ধরনের রাজনৈতিক দলকে শুনানিতে ডাকা হয়েছে। মূলত নির্বাচন কমিশনের খাতায় নথিভুক্ত অথচ দীর্ঘদিন ধরে নিষ্ক্রিয় এই রাজনৈতিক দলগুলির অস্তিত্ব নিয়ে প্রশ্ন তুলেছে কমিশন।

---------------------

আইপ্যাকের সদস্যদের রাজ্যের খাদ্য ও সরবরাহ দফতরে চুক্তিভিত্তিক গ্রুপ ডি কর্মী হিসেবে নিয়োগের চক্রান্ত চলছে বলে বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী অভিযোগ করেছেন। সামাজিক মাধ্যমে, খাদ্য ও সরবরাহ দপ্তরের গত ২০ শে আগস্ট এর নিয়োগ বিজ্ঞপ্তির কপি পোস্ট করে বিরোধী দলনেতা বলেছেন, এখানে কোনরকম সংরক্ষণের নীতি মানা হয়নি। লঙ্ঘন করে এই বিজ্ঞপ্তি জারি হয়েছে। তাঁর অভিযোগ, ভোটের আবহে আইপ্যাকের কর্মীরা শাসক দলের হয়ে কাজ করে সরকারি কোষাগার থেকে বেতন নেবেন। এভাবেই রাজ্যজুড়ে ধাপে ধাপে শত শত কর্মী নিয়োগ করা হবে। এই সিদ্ধান্ত আইনি চ্যালেঞ্জের মুখে পড়তে পারে বলেও তাঁর দাবি।

---------------------

পূর্ব নির্ধারিত সূচী মেনেই আজ কলকাতা বিশ্ববিদ্যালয়ের পরীক্ষা হবে। ৮১ টি কেন্দ্রে মোট ১4টি বিষয়ে প্রায় ৩০ হাজার শীক্ষার্থির পরীক্ষায় বসার কথা। ছাত্রছাত্রীদের যাতে পরীক্ষাকেন্দ্রে পৌঁছতে কোনো সমস্যা না হয়, তার জন্য রাজ্য সরকারের কাছে

আবেদন জানিয়েছে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ। রাজ্য পুলিশের ডিজি এবং কলকাতার পুলিশ কমিশনারকে চিঠিও দেওয়া হয়েছে বলে অন্তর্বর্তী উপাচার্য শান্তা দত্ত দে জানিয়েছেন।

উল্লেখ্য, তৃণমূল ছাত্র পরিষদের প্রতিষ্ঠা দিবসের সমাবেশের জন্য শাসকদলের তরফে পরীক্ষার দিন পিছনোর আবেদন জানানো হয়। রাজ্য সরকারও যান চলাচল সমস্যার কারণে পরীক্ষার দিন বদলের প্রস্তাব দেয়। যদিও অন্তর্বর্তী উপাচার্য স্পষ্ট জানিয়েছেন, সিন্ডিকেট নির্দিষ্ট সূচী মেনেই পরীক্ষা নেওয়ার সিদ্ধান্ত নিয়েছে।

অন্যদিকে, পরীক্ষার্থীদের যাতে কোনো সমস্যা না হয়, দলীয় ভাবে তা দেখা হবে বলে তৃণমূল ছাত্র পরিষদের সভাপতি তৃণাঙ্কুর ভট্টাচার্য আশ্বাস দিয়েছেন।

বিজেপির রাজ্য সভাপতি শমীক ভট্টাচার্য্য বলেছেন, পরীক্ষা সুষ্ঠুভাবে সম্পন্ন হবে কিনা, তা নির্ভর করছে শাসকদলের ইচ্ছার ওপর।

বাইট শমীক

এদিকে, তৃণমূল ছাত্র পরিষদের প্রতিষ্ঠা দিবস উপলক্ষে আজ মধ্য ও দক্ষিণ কলকাতার একাংশে যানজটের আশঙ্কা করছেন নিত্যযাত্রীরা। দুপুরে ধর্মতলায় গান্ধী মূর্তির পাদদেশে আয়োজিত সমাবেশে দলনেত্রী মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী উপস্থিত থাকতে পারেন বলে খবর।

---------------------

২০২৫ সালের জাতীয় শিক্ষক সম্মান প্রাপকদের তালিকা প্রকাশ করেছে কেন্দ্রীয় শিক্ষা মন্ত্রক। সারা দেশ থেকে মোট ৪৫ জন এই সম্মানে ভূষিত হচ্ছেন যার মধ্যে এরাজ্য থেকে দুজন শিক্ষিকা "জাতীয় শিক্ষক সম্মান" পাচ্ছেন। আগামী ৫ই সেপ্টেম্বর শিক্ষক দিবসে দিল্লীর বিজ্ঞানভবনে রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু বাকি ৪৩ জনের সঙ্গে এই দুই শিক্ষিকার হাতে জাতীয় শিক্ষকের 'সম্মান' তুলে দেবেন।

(একটি প্রতিবেদন- কাশফিন ভিসি)

---------------------

প্রধানমন্ত্রী জন ধন যোজনা – PMJDY প্রকল্পের আজ এগারো বছর পূর্ণ হচ্ছে। ২০১৪ সালে স্বাধীনতা দিবসের ভাষণে লাল কেল্লার প্রাকার থেকে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আর্থিক এই উদ্যোগের কথা ঘোষণা করেন। আজ, এই প্রকল্প, ব্যাংকিং ব্যবস্থা, ঋণ গ্রহণ, বীমা এবং পেনশন সহ অজস্র অর্থনৈতিক পরিষেবা দেশবাসীর  নাগালের মধ্যে এনে দিয়েছে।

প্রধানমন্ত্রী জন ধন যোজনার আওতায় এখনও পর্যন্ত ৫৬ কোটিরও বেশি ব্যাঙ্ক অ্যাকাউন্ট খোলা হয়েছে। এর মধ্যে ৫৬ শতাংশেরও বেশি মহিলা।

---------------------

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী, আগামী রবিবার ৩১-শে আগস্ট,  আকাশবাণীতে “মন-কি-বাত” অনুষ্ঠানে তাঁর চিন্তাভাবনা দেশ-বিদেশের মানুষের সঙ্গে ভাগ করে নেবেন। এটি হবে মন-কি-বাতের ১২৫-তম পর্ব।

বেলা ১১-টা থেকে আকাশবাণী এবং দূরদর্শনের সবকটি চ্যানেল এবং আকাশবাণীর নিউজ অন এ.আই.আর. ওয়েবসাইট, মোবাইল অ্যাপ, প্রধানমন্ত্রীর দফতর, তথ্য ও সম্প্রচারমন্ত্রকের ওয়েবসাইট ও ইউটিউব চ্যানেলেও “মন-কি-বাত” সম্প্রচারিত হবে।

হিন্দিতে এই অনুষ্ঠান সম্প্রচারিত হবার পরেই আঞ্চলিক ভাষায় এর তর্জমা শোনা যাবে।

নিঃশুল্ক নম্বর ১৮০০-১১-৭৮০০ নম্বরে ম্যাসেজ করে কিংবা মাই গভ বা নমো অ্যাপে মতামত জানানো যাবে।

---------------------

রাজ্যের দেওয়া মেডিকেল রিপোর্টে সন্তুষ্ট না হওয়ায় বিচারপতি তীর্থঙ্কর ঘোষ, নবান্ন অভিযানের দিন অভয়ার মা আঘাত পাওয়ার ঘটনায় মনিপাল হাসপাতালের থেকে তার চিকিৎসা সংক্রান্ত রিপোর্ট তলব করেছেন। অভয়ার মা ৯ অগাস্ট কিড স্ট্রিট ও জওহরলাল নেহেরু রোডের মুখে ভিড়ের মধ্যে আক্রান্ত হয়েছিলেন তিনি।

ঘটনায় নিউমার্কেট থানায় অভিযোগ দায়ের করা হলেও কোনো এফয়াইয়ার না করায় গতকাল কলকাতা হাইকোর্টে পুলিশের নিস্কৃয়তার অভিযোগ তুলে মামলা দায়ের হয়। রাজ্যের পক্ষের আইনজীবী সুমন সেনগুপ্ত আদালতে রিপোর্ট দিয়ে জানান, নিউমার্কেট থানা অভিযোগের তদন্তে গুরুতর কিছু খুঁজে পায়নি। পয়লা সেপ্টেম্বর এই মামলার পরবর্তী শুনানি।

---------------------

নিউটাউনে স্কুল ছাত্রীকে ধর্ষণ ও খুনের ঘটনায় দোষী সাব্যস্ত ই রিক্সা চালক সৌমিত্র রায়কে আমৃত্যু কারাবাসের নির্দেশ দিয়েছে বারাসাতের পকসো আদালত। পাশাপাশি দেড় লক্ষ টাকা জরিমানাও করা হয়েছে তাকে।

গত ৬ই ফেব্রুয়ারি রাতে অভিমান করে বাড়ি থেকে বেরিয়ে যায় উত্তর ২৪ পরগণার গৌরাঙ্গনগরের বাসিন্দা অষ্টম শ্রেণীর পড়ুয়া ওই কিশোরী। দীর্ঘক্ষণ বাইরে থাকার পর ঘরে ফেরার জন্য জগতপুর এলাকা থেকে সৌমিত্রর ই রিক্সায় ওঠে সে। পরদিন সকালে নিউ টাউনের লোহাপুর খাল সংলগ্ন ঝোপ থেকে ওই কিশোরীর বিবস্ত্র দেহ উদ্ধার হয়।সিসিটিভি ফুটেজ দেখে ৯ তারিখ ভোর রাতে নদীয়ার বাসিন্দা সৌমিত্রকে পাকড়াও করে পুলিশ।

---------------------

প্রসূতি-মৃত্যুর হার কমাতে রাজ্যের স্বাস্থ্য দফতর কঠোর নির্দেশিকা জারি করেছে। সব সরকারি মেডিকেল কলেজ, হাসপাতাল ছাড়াও গ্রামীণ হাসপাতাল, ব্লক স্বাস্থ্য কেন্দ্রে

এই নির্দেশিকা পাঠানো হয়েছে। নির্দেশিকায় বলা হয়েছে সঠিক সময়ে এবং নির্দিষ্ট মাত্রায় স্যালাইন দিতে হবে। ক্রিস্টালয়েড সলিউশন ব্যবহারের ক্ষেত্রে নির্দিষ্ট প্রোটোকল মানা বাধ্যতামূলক। তা না হলে কিডনি বিকল হতে পারে বলে সতর্ক করা হয়েছে। এছাড়াও সিজারের ক্ষেত্রে, অপারেশনের পর রক্তক্ষরণ বন্ধ করতে যেধরনের স্যালাইন ব্যবহার করা হয়, তা দেওয়ার সময় অতি সতর্ক থাকতে হবে।

উল্লেখ্য, গত জানুয়ারি মাসে মেদিনীপুর মেডিক্যাল কলেজে প্রসূতি মৃত্যুর ঘটনায় স্যালাইনের গুণগত মান নিয়ে প্রশ্ন ওঠে। তার প্রেক্ষিতেই এই গাইডলাইন।

--------------------

দূর্গা পূজোর আগেই শহর কলকাতায় বন্ধ হয়ে যাওয়া রুফ টপ রেস্তোরাঁ শর্ত সাপেক্ষে ফের চালু করার অনুমতি দিয়েছে কলকাতা পুরসভা। বড়বাজারের মেছুয়ায় হোটেলে অগ্নিকাণ্ড ও প্রানহানির ঘটনার পর এধরণের ঘটনা রুখতে গঠিত উচ্চ পর্যায়ের কমিটি গতকাল পুর ভবনে বৈঠকে বসে। পরে সাংবাদিকদের পুর ও নগরোন্নয়ন মন্ত্রী মেয়র ফিরহাদ হাকিম জানান, শহর কলকাতায় রুফ টপ রেস্তোরাঁ নিয়ে একটি এস ও পি বা মান্য বিধি তৈরি করা হয়েছে। শর্ত অনুযায়ী, মোট রুফটপের ৫০ শতাংশ খালি রাখতে হবে। ছাদের সিঁড়ি কোনভাবেই আটকে রাখা যাবে না। বৈধ ফায়ার সেফটি সার্টিফিকেট থাকতে হবে। রান্নার জন্য গ্যাস সিলিন্ডারের বদলে মাইক্রো ওভেন বা ইলেকট্রিক ওভেন ব্যবহার করতে হবে।

(বাইট-মেয়র)

--------------------

দুর্গাপুজোর বাকি আর মাত্র এক মাস। কলকাতা ও শহরতলিতে বিলাসবহুল বাস ও জলপথে ঠাকুর দেখানোর জন্য একগুচ্ছ উদ্যোগ নিয়েছে রাজ্য পরিবহন দপ্তর।

শীতাতপ নিয়ন্ত্রিত ভলভো বাসে উত্তর থেকে দক্ষিণ কলকাতার বনেদী বাড়ির পুজো পরিক্রমার জন্য মাথা পিছু ভাড়া ধরা হয়েছে ২২শো টাকা।

বারাসাত থেকে কলকাতার বনেদী বাড়ির পুজো পরক্রমার জন্য জন প্রতি ২৩শো টাকা ভাড়া ধার্য হয়েছে।

জলপথে লঞ্চে উত্তর কলকাতার বিশিষ্ট পুজোগুলি দেখানোর জন্য ভাড়া নির্ধারণ করা হয়েছে ৯০০ টাকা।

পরিবহন মন্ত্রী স্নেহাশিস চক্রবর্তী গতকাল পুজো পরিক্রমার এই বিশেষ প্যাকেজের ঘোষণা করেন। শহরের সীমানা ছাড়িয়ে ধান্যকুড়িয়া এবং আড়বালিয়া গ্রামের বনেদি বাড়ির পুজো দেখানোর প্যাকেজ রয়েছে। এছাড়া মহাষ্টমীতে জয়রামবাটি, কামারপুকুরের পুজো দেখানোর বন্দোবস্ত করেছে পরিবহন দফতর।

---------------------

এদিকে, পুজোর পরই কলকাতা শহর ও শহরতলী অঞ্চলে সরকারি বাস পরিষেবা ধাপে ধাপে বৃদ্ধি পাবে বলে পরিবহন মন্ত্রী আশ্বাস দিয়েছেন। গতকাল কলকাতায় এক সাংবাদিক বৈঠকে তিনি বলেন, খুব শীঘ্রই পরিবহন দপ্তর ২০০ টি নতুন সিএনজি চালিত বাস হাতে পাবে। পুজোর পরই নতুন এই বাস ধাপে ধাপে প্রয়োজনীয় রুটে চালানো হবে।

অন্যদিকে, দুর্গোৎসব উপলক্ষে পরিবহন দপ্তর এবারও শপিং স্পেশাল বাস চালাবে। সেপ্টেম্বরের দ্বিতীয় সপ্তাহে এই পরিষেবা শুরু হবে বলে মন্ত্রী জানান।

---------------------

গণেশ প্রতিমা বিসর্জনের জন্য পূর্ব রেলের শিয়ালদা ডিভিশন, আজ থেকে রবিবার পর্যন্ত চক্ররেল চলাচল নিয়ন্ত্রণ করবে। এই সময়ে তিন জোড়া EMU লোকাল কলকাতা স্টেশন থেকে যাতায়েত করবে। একটি EMU লোকালের যাত্রাপথ পরিবর্তন হয়ে হবে

শিয়ালদা নর্থ স্টেশন। আরো বেশ কিছু ট্রেনের যাত্রা পথ পরিবর্তন ও সংক্ষিপ্ত করা হয়েছে।

পূর্বরেলের মালদা ডিভিশনের মালদা টাউন স্টেশনের সংস্কারের জন্য আজ থেকে আগামী তেসরা সেপ্টেম্বর পর্যন্ত ট্রেন চলাচল নিয়ন্ত্রণ করা হবে। এই সময়ে ওই রুটে চলাচলকারী মোট ৪৮টি ট্রেন বাতিল থাকবে। পাশাপাশি ৬ টি ট্রেনের যাত্রার সময় সূচি এবং ৭ টি ট্রেন যাত্রাপথের পরিবর্তন করা হচ্ছে। একজোড়া ট্রেনের যাত্রা পথ সংক্ষিপ্ত করা হচ্ছে বলে রেল সূত্রে খবর।

-------------------- --------------------